

স্মারক নম্বরঃ ৩১.১২.২৯৫৬.০০০.০২.০০৩.২৩-৪৪৮/১

তারিখঃ ১৬ আগস্ট ২০২৩ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার মধুখালী উপজেলার কামারখালী ইউনিয়নের সালামতপুরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর পওর বিভাগের তত্ত্বাবধানে খুলনা ড্রেজার বিভাগ কর্তৃক অনুন্নয়ন রাজস্ব বাজেটের অধীন চলমান ১৩০০.০০ মিটার চর অপসারণের নিমিত্ত ড্রেজিং কাজের ড্রেজিংকৃত আনুমানিক ১৪,৯০,৫৫৫.০০ (চৌদ্দ লক্ষ নব্বই হাজার পাঁচশত পঞ্চাশ) ঘনফুট বিক্রয়যোগ্য বালি/মাটি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যক্তিদের নিকট দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

“শর্তাবলী”

১. অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার বিনিময়ে জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর রাজস্ব শাখা; নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর; উপজেলা ভূমি অফিস, মধুখালী, ফরিদপুর হতে আগামী ১৭ আগস্ট ২০২৩ খ্রি. হতে ২৩ আগস্ট ২০২৩ খ্রি. পর্যন্ত আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
২. আগামী ২৩ আগস্ট ২০২৩ খ্রি. সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর; নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ফরিদপুর; উপজেলা ভূমি অফিস, মধুখালী, ফরিদপুর এ রক্ষিত দরপত্র বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।
৩. দরদাতা বা তাদের কোন প্রতিনিধি'র উপস্থিতিতে আগামী ২৩ আগস্ট ২০২৩ খ্রি. দুপুর ১.০০ ঘটিকায় দরপত্র বাক্স উন্মুক্ত করা হবে।
৪. দরদাতা বা তাদের কোন প্রতিনিধি'র উপস্থিতিতে আগামী ২৩ আগস্ট ২০২৩ খ্রি. দুপুর ২.৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্র মূল্যায়ন করা হবে।
৫. আবেদনকারী আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ/ আয়কর প্রাপ্তি স্বীকারপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর কর্তৃক ইস্যুকৃত বালুমহাল ইজারা ঠিকাদারী তালিকাভুক্তির নিবন্ধনের কপি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
৬. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. সরেজমিনে পরিদর্শন করতঃ কামারখালী ইউনিয়নের সালামতপুরের ডাম্পিং স্পটের সার্বিক/প্রকৃত অবস্থা পর্যালোচনাপূর্বক দর দাখিল করতে হবে। নিলামে অংশগ্রহণের পর সাইট সংক্রান্ত কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।


৮. কার্য সম্পাদনকালে পার্শ্ববর্তী জমির/রাস্তার বা অন্য যেকোন ধরনের ক্ষতি সাধিত হলে দরদাতা কর্তৃক ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

৯. দরদাতাকে জামানত বাবদ যেকোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর এর অনুকূলে উদ্ধৃত দরের ২৫% অর্থের পে-অর্ডার সংযুক্ত করতে হবে যা পরবর্তীতে সমন্বয় করা হবে।

১০. নিলাম গ্রহীতাকে নিলাম মূল্য এবং বিধি মোতাবেক ভ্যাট ও আয়করসহ সমুদয় অর্থ নিলাম গ্রহণের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধ করে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে।

১১. চূড়ান্তভাবে মনোনীত দরদাতাকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জামানতের সাথে সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর এর অনুকূলে পে-অর্ডার/ সংশ্লিষ্ট কোডে (ইজারামূল্য, ভ্যাট, আয়কর) জমাদান সাপেক্ষে দরদাতার অনুকূলে বালি/মাটি সংগ্রহের অনুমতি দেয়া যাবে। এ জমাদানপূর্বক পরবর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সমস্ত বালি/মাটি অপসারণ করতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ সময় বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ অত্র নিলাম কার্যক্রম বাতিল/সংরক্ষণ বা অত্র নিলামের যেকোন শর্ত পরিবর্তন/পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করে।



শামীম আরা

সহকারী কমিশনার (ভূমি)

ও

আস্বায়ক

উপজেলা ডেজড ম্যাটেরিয়াল নিলাম কমিটি

মধুখালী, ফরিদপুর